সমকাল

তারিখ 29 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# ১ আগস্ট সারাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে মানববন্ধন

■ সমকাল প্রতিবেদক

গুলশান হামলার এক মাস পূর্তিতে আগামী ১ আগস্ট সারাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদবিরোধী মানববন্ধন ও শোভাযাত্রার আয়োজন করা হচ্ছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) আহ্বানে দেশের সরকারি-বেসরকারি ১৩২টি বিশ্ববিদ্যালয়, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের এক হাজার ৩০০ মাদ্রাসা এবং জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত দুই হাজার ১০০টি কলেজে একযোগে এ কর্মসূচি পালিত হবে। ওই দিন বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এক ঘণ্টার এ কর্মসূচিতে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা অংশ নেবেন।

ইউজিসির সচিব ড. মোহাম্মদ খালেদ স্বাক্ষরিত এক চিঠিতে সব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও রেজিস্ট্রারকে এ কর্মসূচি পালনের নির্দেশ দেওয়া হয়। তাতে আগামী ১ আগস্ট দেশের সব বিশ্ববিদ্যালয়ে বেলা ১১টা থেকে এক ঘণ্টা মানববন্ধন, শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করতে বলা হয়েছে। দেশে বর্তমানে ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## ১ আগস্ট সারাদেশের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১৩২টি। এর মধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয় রয়েছে ৪২টি আর প্রাইভেট বিশ্ববিদ্যালয় ৯৫টি। একই সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধিভুক্ত ডিগ্রি, অনার্স ও মাস্টার্স পর্যায়ের দুই হাজার ১০০ কলেজের অধ্যক্ষকে চিঠি দিয়ে এ কর্মসূচি পালনের নির্দেশ দেওয়া হয়েছে। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ও তাদের অধিভুক্ত আলিম (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের এক হাজার ৩০০ মাদ্রাসাকে একই কর্মসূচি পালন করতে বলেছে।

ইউজিসি সূত্র জানায়, সরকারের একাধিক মন্ত্রী ও সংসদ সদস্য মানববন্ধনে অংশ নেবেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানসহ কয়েকজন সংসদ সদস্য ওই দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিতব্য মানববন্ধনে উপস্থিত থাকবেন।